দৈনিক বাংলা
তারিখ 17 JUL 1988
পৃষ্ঠা ৪

007

# শিক্ষা সংক্রান্ত আটটি পরিদর্শন দল

(স্টাফ রিপোর্টার)

সরকার শিক্ষা ক্ষেত্রে বিরাজমান বিভিন্ন সমস্যা চিহ্নিত করার লক্ষ্যে আটটি পরিদর্শন টিম গঠন করেছেন। শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত এসব টিম ইতিমধ্যেই এ ব্যাপারে কাজ শুরু করেছেন।

জানা গেছে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিরাজমান প্রশাসনিক দুর্বলতা, আর্থিক অনিয়ম, যথাসময়ে পাঠক্রম শেষ না হওয়া,

(শেষ পৃঃ ৪ এর ৮ম কঃ দ্রঃ)

## পরিদর্শন দল

(১-এর পৃঃ পর)

পরীক্ষায় অসদুপায় অবলম্বন, শিক্ষাঙ্গনে সুযোগ-সুবিধার অভাব ছাত্রভর্তি ও শিক্ষক নিয়োগে অনিয়ম ইত্যাদি বিষয়ে যেসব সমস্যা ও জটিলতা রয়েছে আলোচ কমিটি তা চিহ্নিত করবে। কলেজ, মাধ্যমিক ও জুনিয়র বিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয় ও মাদ্রাসাসমূহে টিমের কার্যক্রম পরিচালিত হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানান তিন সদস্য বিশিষ্ট এসব টিম দেশের ২৬টি জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আকস্মিক পরিদর্শন করবেন। এসব জেলার মধ্যে রয়েছে ঢাকা, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ গাজীপুর ফেনী কুমিল্লা হবিগঞ্জ ব্রাহ্মণবাড়িয়া, বৃহত্তর ময়মনসিংহ রংপুর, রাজশাহী ও নোয়াখালী জেলা এবং ঢাকা মহানগরী।

সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানান গত ৭ই জুলাই থেকে টিমের কার্যক্রম শুরু হয়েছে। ১৫ দিনের মধ্যে কমিটি নিজ নিজ সরেজমিন পরিদর্শন অভিজ্ঞতা ও প্রয়োজনীয় তদন্ত রিপোর্ট মন্ত্রণালয়ে পেশ করবে।